# অধ্যায়- ০৪

## জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

১= Web Design কী?

ওয়েব ডিজাইন বলতে মূলত ওয়েব পেইজ তৈরিতে নিয়োজিত বিভিন্ন কার্যক্রমকে বুঝায়। ওয়েব ডিজাইনাররা বিভিন্ন ডিজাইন প্রযুক্তি ব্যবহার করে একটি সুন্দর ওয়েব পেইজ তৈরি করেন। এক কথায় বলা যায় , একটি ওয়েবপেইজের ব্যহিক সৌন্দর্য নির্মান কৌশল হচ্ছে ওয়েব ডিজাইন।

২= WEB PAGE কী?

ইন্টারনেটে যে কেউ তথ্য রাখতে পারে এসব তথ্য হতে পারে টেক্সট, আডিও, ভিডিও, স্থির ইমেজ , এনিমেশন ইত্যাদি। ইন্টারনেটে এসব তথ্য রাখার পেইজকে বলা হয় ওয়েব পেইজ। ওয়েব পেইজকে আবার ওয়েব ডকুমেন্ট ও বলা হয়। সুতরাং বলা যায় ওয়েব পেইজ হলো এক ধরনের ওয়েব ডকুমেন্ট যা World Wide Web (WWW) ও ইন্টারনেট ব্রাউজারে ব্যবহারের উপযুক্ত। ওয়েব পেইজকে বিভিন্ন দেশের সার্ভারে সংরক্ষন করে রাখা হয়। ইন্টারনেট ব্যবহারকারীরা ওয়েব ব্রাউজারের মাধ্যমে এসকল ওয়েব পেইজ দেখতে পারে।

৩= WWW (World Wide Web) কী?

World Wide Web (WWW) একটি গ্লোবাল ইনফরমেশন মিডিয়াম যার মাধ্যমে ইন্টারনেট ব্যবহারকারীরা লিখতে ও পরতে পারে। ওয়াল্ড ওয়াইড ওয়েব হচ্ছে বিশ্বজাল। World Wide Web রিসোর্স ইউজার দেরকে আনুমতি দেয় এক রিসোর্স থেকে আরেক রিসোর্স এ যেতে। WWW কে অনেকে ইন্টারনেটের প্রতিশব্দ বলে ভুলকরে । আসলে World Wide Web হচ্ছে একটি সার্ভিস যেটি ওপারেট হয় ইন্টারনেটের মাধ্যমে।

৪= INTERNET কী?

ইন্টারনেট হলো ওয়াল্ড ওয়াইড সিস্টেম অফ কম্পিউটার নেটওয়ার্ক, যে নেটওয়ার্ক ব্যবহার করে একজন ব্যবহার কারি অপর ইন্টারনেট সংযুক্ত ব্যবহারকারির সাথে তথ্য আদান প্রদান করতে পারে। ইন্টারনেট হলো বিশ্বব্যাপি ছড়িয়ে থাকা সবচেয়ে বড় কম্পিউটার নেটওয়ার্ক। ইন্টারনেট একাধিক নেটওয়ার্কের সম্মনয়ে গঠিত একটি বৃহৎ নেটওয়ার্ক। প্রতিটি নেটওয়ার্কে শত শত কম্পিউটার যুক্ত থেকে একে অপরের সাথে তথ্য আদান প্রদান করতে পারে।

৫= Web Server কী?

ওয়েব পেইজ বা ওয়েব সাইট যে সার্ভারে সংরক্ষিত রাখা হয় তাকে ওয়েব সার্ভার বলে। আমরা HTTP প্রোটোকলের মাধ্যমে ওয়েব ব্রাউজার ব্যবহার করে ওয়েব সার্ভার থেকে এ সকল ওয়েব পেইজ বা ওয়েব সাইটগুলো দেখতে পারি।

৬= Web Browser কী?

যে সকল সফটওয়্যার ব্যবহার করে ওয়েব পেইজ দেখতে ও পরতে পারা যায় তাকে ওয়েব ব্রাউজার বলে। ব্রাউজার সফটওয়্যার ব্যবহার করে খুব সহজে ইন্টারনেট থেকেযে কোনো তথ্য খুজে বের করা যায়। কোনো ওয়েব সাইট এর ঠিকানা জানা না থাকলেও সার্চ ইঞ্জিন ব্যবহার করে যে কোনো তথ্য খুজে বের করা যায়। বর্তমান সময়ের কিছু জনপ্রিয় ওয়েব ব্রাউজার হলঃ- ইন্টারনেট এক্সপ্লোরার, মজিলা ফায়ারফক্স, গুগল ক্রোম,ওপেরা, ইউসি ব্রাউজার।

৭= Search Engine কী?

সার্চ ইঞ্জিন হচ্ছে এমন এক ধরনের টুল যার সাহায্যে ইন্টারনেটের অজস্র সার্ভার থেকে সহজেই যে কোনো তথ্য খুজে বের করা যায়। জনপ্রিয় সার্চ ইঞ্জিন হচ্ছে গুগল, ইয়াহু।

৮= Web Site কী?

এক বা একাধিক ওয়েব পেইজের সমন্বয়ে তৈরি করা হয় ওয়েবসাইট। একই ডোমেইনের আধীনে থাকা পরস্পর সংযোগ যোগ্য একাধিক ওয়েব পেইজের সমষ্টিকে ওয়েবসাইট বলে। প্রতিটি ওয়েবসাইট এর একটি নির্দিষ্ট ঠিকানা থাকে। যাকে URL(uniform Resource Locator) বলে।

ওয়েবসাইটকে সাধারনত ২ ভাগে ভাগ করা হয়ঃ-

1. স্টাটিক ওয়েবসাইট
2. ডাইনামিক ওয়েবসাইট

৯= স্টাটিক ওয়েবসাইট (Static Website) কী?

যে সকল ওয়েবসাইটের ডেটার মান ওয়েব পেইজ লোডিং বা চালু হয়ার পর পরিবর্তন করা যায় না তাকে স্টাটিক ওয়েবসাইট বলে। শুধু HTML ব্যবহার করে স্টাটিক ওয়েবসাইট তৈরি করা যায়।

১০=ডাইনামিক ওয়েবসাইট( Dynamic Website) কী?

যে সকল ওয়েবসাইটের ডেটার মান ওয়েব পেইজ লোডিং বা চালু হয়ার পর পরিবর্তন করা যায় তাকে ডাইনামিক ওয়েবসাইট বলে। ডাইনামিক ওয়েবসাইট তৈরি করার জন্য HTML এর পাশাপাশি স্ক্রিপ্টিং ভাষা PHP, ASP প্রয়োজন হয়।

১১= IP Address কী?

টিসিপি/আইপি নেটওর্য়াকে প্রতিটি হোস্টকে ইউনিক ভাবে চেনার জন্য একটি নম্বর দিয়ে নির্দেশ করা হয়। এই নম্বরেই হলো আইপি আড্রেস। আইপি আড্রেস ৩২ বিটের হয়ে থাকে l এই ৩২ বিট, ৮(অক্টেট) বিট করে ৪টি ভাগে ভাগ করা থাকে l আইপি আড্রেসের প্রথম দুইটি অক্টেট নেটওয়ার্ক আইডি এবং পরের দুটি অক্টেট হোস্ট আইডি প্রকাশ করে।

১২= Domain Name কী?

আইপি অ্যাড্রেসের অনুবাদই হচ্ছে ডোমেইন নেম। আইপি অ্যাড্রেসকে সহজে মনে রখার জন্য এগুলোকে ইংরেজি অক্ষরে লিখা হয়ে থাকে। আলফানিউমেরিক ফর্মে দেয়া কম্পিউটারের এরুপ নামকেই ডোমেইন নেম বলা হয়। ডোমেইন নেম হচ্ছে একটি সতন্ত্র টেক্সট আড্রেস বা ওয়েব আড্রেস। এই ডোমেইন নেম এর মাধ্যমেই সারা বিশ্বে ইন্টারনেট ব্যবহারকারিরা ওয়েব সাইট খুজে পায়। যখন কোন ডোমেইন নেম রেজিষ্ট্রি করা হয় গোটা পৃথীবিতে সেটি ইউনিক আইডেন্টি প্রকাশ পায়।

১৩= URL (Uniform Resource Locator) কী?

প্রতিটি ওয়েব সাইটের একটি সুনির্দিষ্ট ওয়েব আড্রেস রয়েছে যার সাহায্যে ইন্টারনেটের ওয়েব পেইজ গুলোকে দেখা ও খুজে বের করা যায়। ওয়েব সাইটের এই আড্রেসকেই ওয়েব পেইজের URL বলা হয়। প্রতিটি ওয়েব আড্রেসের পিছনে একটি আইপি আড্রেস কাজ করে l

ইন্টারনেটে যখন কোন ওয়েব আড্রেস লিখে এন্টার প্রেস করা হয় তখন সেটি DNS এর মাধ্যমে আইপি আড্রেসে রূপান্তর হয়ে নির্দিষ্ট কম্পিউটারকে খুজে বের করে।

১৪= HTML কী?

HTML হলো ওয়েব ডিজাইনের মূল্ভিত্তি যা দিয়ে ওয়েব পেইজ তৈরি করা হয়। HTML এর পূর্ন রুপ Hyper Text Markup Language l যা কতগুলো Markup ট্যাগ এর সমষ্টি। HTML কে (Markup Language) বলা হয়। এই Markup ট্যাগ এর কাজ হল ওয়েব পেইজে বিভিন্ন এলিমেন্ট কিভাবে প্রদোর্শন করবে সেটা নির্দেশ করা।

একটি ওয়েব পেইজে বিভিন্ন এলিমেন্ট যেমন আডিও, ভিডিও, টেক্সট, ইমেজ, এনিমেশন থাকতে পারে। আর এই এলিমেন্টগুলোই ওয়েব পেইজে কিভাবে প্রদর্শন করবে তা নির্ধারন করাই হলো Markup ট্যাগ এর কাজ।

১৫= Tag কী?

ট্যাগ হল HTML এর প্রাণ যার মাধ্যমে এইচটিএমএল কোড লেখা হয়। প্রতিটি ট্যাগ শুরু হয় বাম (<)এঙ্গেল ব্রাকেট দিয়ে,এরপর একটা কীওয়ার্ড এবং শেষ হয় ডান এঙ্গেল (> ) ব্রাকেট দিয়ে। যেমনঃ <html> <head> <body> হল এক একটা ট্যাগ। প্রতিটা ট্যাগ আলাদা আলাদা অর্থ বহন করে অর্থাৎ প্রতিটা ট্যাগের কাজ আলাদা এবং এরা Case Sensitive নয়, তবে Small Letter- এ লেখা ভাল। ট্যাগ লেখার একটি গুরুত্বপূর্ণ নিয়ম হল যে ট্যাগ দিয়ে শুরু হয় সেই ট্যাগ দিয়েই শেষ করতে হবে শুধু শেষ কীওয়ার্ড – এর পূর্বে এর আগে একটা শ্লাস (/) দিতে হবে। যেমন- <p> দিয়ে শুরু আর শেষ হয়েছে </p> ট্যাগ দিয়ে।

HTML Tag মূলত ২ ধরনের হয়।

1. Container Tag
2. Empty Tag

১৬= Container Tag কী?

যেই ট্যাগ গুলো সাধারন নিয়মে গঠিত হয় অর্থাৎ যে সকল ট্যাগের শুরু এবং শেষ থাকে তাকে Container Tag বলে।

১৭= Empty Tag(শূন্য বা ফাকা ট্যাগ) কী?

যেই ট্যাগ গুলোর শুরু থাকে কিন্তু শেষ থাকে না তাকে Empty Tag বলে। যেমন – <br> , <hr>, <img> <input> , <meta>, <base>, <link>

১৮= HTML Attribute কী?

একটি ওয়েব পেজে বিভিন্ন টেক্সট, ইমেজ বা আরও কিছু থাকতে পারে এবং এদের অবস্থান স্টাইল বিভিন্ন ধরণের হতে পারে। ওয়েব পেজে কোন এলিমেন্টের অবস্থান, স্টাইল পরিবর্তনকারী কতগুলো নির্দিষ্ট ওয়ার্ডই হল HTML Attribute । প্রতিটা এট্রিবিউটের এক বা একাধিক ভেলু থাকতে পারে। এট্রিবিউট লিখার সাধারণ রুপটি হল- <HTML Tag Attribute_Name=”Attribute_Value”> </HTML Tag>

১৯= Hyperlink কী?

প্রতিটি ওয়েব সাইট এক বা একাধিক ওয়েব পেইজ বা ওয়েব ডকুমেন্ট দিয়ে তৈরি করা হয়। ওয়েব সাইটের ভিতর এক পেইজ থেকে যাতে আর এক পেজে যাওয়া যায় সেজন্য ওয়েব পেইজ গুলোকে একে অপরের সাথে সংযোগ করা হয়। একেই Hyperlink বলে। HTML এ অ্যাংকর ট্যাগ <a> ব্যবহার করে Hyperlink তৈরি করা হয়।

Hyperlink এর সিনট্যাক্স – <a href=”URL”>link content</a>

২০= FTP কি?

FTP এর পূর্ণনাম হলো File Transfer Protocol । এটি একটি টিসিপি/আইপি প্রোটোকল যা দুটো কম্পিউটার সিস্টেমের মধ্যে ডেটা স্থানান্তরের সুযোগ করে দেয়।